দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাংগঠনিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা উপজেলা ডাক বাংলা চত্বরে আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সভাপতি সহিদুল আলম।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক আঃ লতিফ এলকিন। বিশেষ অতিথি ছিলেন টাঙ্গাইল জেলা জাতীয় পার্টির যুগ্ন সাধারণ সম্পাদক খতিব আলি, চুয়াডাঙ্গা জেলা কৃষক পাটির সভাপতি আবু জাফর, দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক হাজী জামাল উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা ছাত্র সমাজের যুগ্ম আহ্বায়ক নাইম হোসেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিক, সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, জুড়ানপুর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জামাল হোসেন, জাতীয় পাটির নেতা আশরাফুল হক প্রমুখ।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক সহিদ আজম সদু।

মেহেরপুরে জাতীয় মহিলা পার্টির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

মেহেরপুরে জাতীয় মহিলা পার্টির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

শুক্রবার পৌরসভা ৯ নং ওয়ার্ডে জাতীয় মহিলা পার্টির আয়োজনে ওয়ার্ড কমিটি গঠন, ইফতার ও দোয়া মাহফিলের অনুষ্ঠিত হয়।

৯ নং ওয়ার্ড জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক শেফালী খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক সোনিয়া খাতুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির যুগ্ন আহ্বায়ক বেলীনা খাতুন, রওশন আরা।

এছাড়াও এসময় জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ, সদস্য মামলত হোসেন, নজরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

হুসেইন মুহাম্মদ এরশাদের ৯৪তম জন্মবার্ষিকী পালন

সাবেক রাষ্ট্রপতি জাতীয় পার্টি প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মরহুম হুসেইন মুহাম্মদ এরশাদের ৯৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার রাতে কাথুলি বাসস্ট্যান্ড সংলগ্ন জাতীয় পার্টি অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহবায়ক মোঃ মোসলেম আলী, জেলা জাতীয় পার্টি সদস্য সচিব আব্দুর রাজ্জাক, জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক মোঃ আমিরুল ইসলাম, জেলা জাতীয় পার্টি যুগ্ম আহবায়ক মোঃ নজরুল ইসলাম, জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক মোঃ সোহরাব হোসেন, জাতীয় তরুণ পার্টি মেহেরপুর জেলার আহবায়ক মোঃ রবিউল ইসলাম, জাতীয় মুক্তিযোদ্ধা প্রজন্ম পার্টি মোঃ রাসেল শেখ মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য মোঃ বজলুর রহমান, লালচাঁদ সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মরহুম হুসেইন মুহাম্মদ এরশাদের জন্মবার্ষিকী পালন

শান্তির জন্য পরিবর্তন,পরিবর্তনের জন্য জাতীয় পার্টি এই স্লোগানে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সাবেক প্রেসিডেন্ট মরহুম হুসেইন মুহাম্মদ এরশাদ এর ৯৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে জেলা জাতীয় পার্টির কার্যালয়ে আহ্বায়ক কমিটির আয়োজনে এ কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির যুগ্ন আহ্বায়ক কেতাব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির সদস্য বাবলু বিশ্বাস, কুতুব উদ্দিন।

এছাড়া উপস্থিত ছিলেন,জেলা জাতীয় পার্টির সদস্য মামলত হোসেন, নজরুল ইসলাম, জান মোহাম্মদ মিন্টু, ইকবাল হোসেন, সেলিম রেজা প্রমুখ।

আমদহ ইউপি নির্বাচনে জাতীয় পার্টির মনোনয়নপত্র জমা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে জাতীয় পার্টির চেয়ারম্যান প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছে মোঃ নজরুল ইসলাম।

আজ শনিবার বিকেল ৩ টার সময় সদর উপজেলা রিটার্নিং কর্মকতা দোলন

কান্তি চন্দ্রের কাছে মনোনয়নপত্র জমা দেয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হামিদ, আব্দুল মান্নান, মোহাম্মদ কুতুব উদ্দিন, ইকবাল হোসেন, মৌলিত হোসেন, এনামুল হক, খাকসিরুল ইসলাম সহ জাতীয় পার্টির অনান্য সদস্যরাও উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে শীতবস্ত বিতরণ

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে ৫শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেন।

বৃহস্পতিবার সকালে জেলা জাতীয় পার্টির কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে জেলা জাতীয় পার্টির সদস্য মামলত হোসেনের সঞ্চালনায় ও যুগ্ন আহবায়ক কেতাব আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হামিদ, প্রধান বক্তা হিসাবে বক্তব্য দেন আব্দুল মান্নান সদস্য, জেলা জাতীয় পার্টির অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা জাতীয় পার্টির সদস্য বাবলু হোসেন, কুতুব উদ্দিন, রুহুল আমিন সহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি

৩৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

১লা জানুয়ারি জাতীয় পার্টি ৩৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা মাহফিলের আয়োজন করা হয়। রবিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে পৌর জাতীয় পার্টি সাধারণ সম্পাদক মোঃ হামিদুল ইসলামের সঞ্চালন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য সাইফুল ইসলাম সেলিম। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির জাতীয় মৎস্যজীবী পার্টি যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল বাকী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খেলাফত আলী, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক আরিফ বিল্লাহ, সদর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, সদর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক খায়রুল বাশার মিঠু, গাংনী পৌর জাতীয় পার্টি সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি আনছারুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় সংস্কৃতি পার্টি আহ্বায়ক ইনছান আলী, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টি সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী সহ বিভিন্ন নেতাকর্মে উপস্থিত ছিল। এরপর কেক কেটে মেহেরপুর জেলা জাতীয় পার্টি ৩৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৭ তম

প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার দুপুর ১২ টার সময় হোটেল ফিন ফুড কমিউনিটি সেন্টারে জাতীয় পার্টির ৩৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠিত হয়। কেক কেটে অনুষ্ঠানের আনুষ্টিকতা শুরু হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হামিদ, প্রধান বক্তা হিসাবে বক্তব্য দেন আব্দুল মান্নান সদস্য, জেলা জাতীয় পার্টির অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা জাতীয় পার্টির সদস্য বাবলু হোসেন, কুতুব উদ্দিন, রুহুল আমিন।

অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য দেন জেলা জাতীয় পার্টির যুগ্ম আহবায়ক কেতাব আলী । অনুষ্ঠানে আরও বক্তব্য দেন জেলা জাতীয় পার্টির সদস্য মামলত হোসেন, সদর উপজেলা জাতীয় পার্টির সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জাতীয় পার্টির গাংনী উপজেলা সাধারণ সম্পাদক জান মোহাম্মদ মিন্টু প্রমুখ।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি “সংবিধান সংরক্ষণ দিবস” পালন

৬ ডিসেম্বর সংবিধান সংরক্ষণ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাস স্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজের সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা

জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর জাতীয় পার্টির সভাপতি আব্দুল মান্নান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টি সভাপতি আনছারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন পার্টির সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি আহম্মেদ, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান, জাতীয় সংস্কৃতিক পার্টি মেহেরপুর শাখার আহ্বায়ক মোঃ ইনছান আলী, মেহেরপুর পৌরসভা ৫ নম্বর ওয়ার্ড জাতীয় পার্টি সাধারণ সম্পাদক বারেক আলী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হাদী বলেন বাংলাদেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ের নেতা কর্মীদের একসাথে হয়ে কাজ করতে হবে।

মেহেরপুরে জাপার ৫১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অনুমোদন

মেহেরপুর জেলা জাতীয় পার্টির ৫১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অনুমোদন দিয়েছেন জাতীয় পার্টি (এরশাদ) এর প্রধান পৃষ্টপোষক জাতীয় সংসদ সদের বিরোধী দলীয় নেতা বেগম রওশন এরশাদ।

কেন্দ্রীয় জাতীয় পার্টির সদস্য মোসলেম আলীকে আহবায়ক ও মো: আব্দুর রাজ্জাককে সদস্য সচীব করে ৫১ সদস্য বিশিষ্ট এই কমিটি গত ২৮/১১/২০২২ তারিখে অনুমোদন দেন।

কমিটির যুগ্ম আহবায়ক করা হয়েছে যথাক্রমে মো: আমিরুল ইসলাম, মো: সোহরাব হোসেন ও মো: নজরুল ইসলাম।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক মোসলেম আলী বলেন, এখন থেকে

জাতীয় পার্টির আর দায়ীত্ব পালন করতে পারবেন না জিএম কাদের। বেগম রওন এরশাদের সালাম নিন জাতীয় পার্টিতে যোগ দিন এই শ্লোগান নিয়ে জাতীয় পার্টি আবার নতুন করে দেশব্যাপি এগিয়ে যাচ্ছে। আমাদের নেতা বেগম রওশন এরশাদ ৫ মাস ব্যাংককে চিকিৎসা শেষে গত ২৭ নভেম্বর দেশে ফিরে জাতীয় পার্টিকে পূণর্গঠনের কাজে হাত দেন। সেই লক্ষ নিয়ে তিনি দেশ ব্যাপি দল গোছানোর কাজ করছেন। সেই অংশ হিসেবে মেহেরপুর জেলা জাপাকেও পুনর্গঠণ করে সকল ভেদাভেদ ভুলে এক সাথে কাজ করার আহবান জানিয়েছেন তিনি।

মোসলেম আলী বলেন, আমাদের নেতা মরহুম নেতা আলহাজ্ব হুসেইন মুহাম্মদ এরশাদের স্বপ্ন প্রাদেশিক সরকার গঠণ করার জন্য আগামী দিনে জাতীয় পার্টিকে সরকার গঠণে সহায়তা করবে।